হবে না। কেননা, বর্তমানে বিভিন্ন সরকারি
সংস্থাণ্ডলি নিজেদের আয়ন্তাধীন নির্দিষ্ট
সংখ্যক কালেকশনের বেশি সরবরাহ করতে
পারেন না/ অন্য দিকে, সরকারি অনুমোদন
থাকা সত্তেও পরকারি সংস্থাণ্ডলির নিজস্থ

মতেই কানেকশনের সংখ্যা বাড়াতে পারব না। রাজ্যের অয়েল মার্কে টিং কোম্পানিগুলিও তাদের সরবরাহে খামতির কথা জানিয়েছে। কিন্তু রাজ্যের পেটোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী দিনশা

রেখে গেলে আশা করছি ছ'মাস পর আমরা খবর দিতে পারব

নতুন কানেশনের জুরা আগাম ১৪০০ টাকা জমা রাখার কথাও তিনি জানিয়ে দিলেন।

OFFICE OF THE EXECUTIVE SECRETARY ANDAMAN ADIM JANAJATI VIKAS SAMITI SECRETARIAT COMPLEX, PORT BLAIR

F. NO. 11-1/AAJVS/2005/PF.I/160

Dated, the 11th July, 2008

QUOTATION NOTICE

Sealed quotations are invited from local suppliers, firms and functional educated umemployed youths Co-operative Societies having competence of the trade for FABRICATION AND ERECTION OF HOARDINGS DEFINING THE TRIBAL RESERVE AREAS AND RESTRICTIONS IMPOSED THEREIN.

. Size of the Hoardings 2 Mtrs x 1.5 mtrs made of Thick gauge non corrosive material with base of M.S. Plate $\,$

2. Erection with 2" dia G.I. Pipe with R.C.C. base

TERMS & CONDITIONS :-

- 1. The hoardings will be erected at specified locations at Jirkarang, Middle Strait, Kadamtala and Tirur areas. Maximum number of hoardings will be required to be installed on the coastal boundaries of the Triabal Reserve areas. The exact locations will be indicated by the officials of AAJVS.
- 2. The hoardings should be fixed w ith nut and bolt, so that the same can be removed any time for maintenance and repariing etc. if so required.
- 3. The M.S. pipe pole should be fixed at least 2 feet below ground level and should be erected with RCC materials to ensure stability.
- 4. The hoarding should strictly be of the specification as given above. Details of the matter / write up to be written bilingual (Hindi and English) may be obtained from the Office of the Executive Secretary, Andaman Adim Janjati Vikas Samiti, Port Blair during working hours.
- 5. The firm should deposit EMD of Rs. 5000/- (Rupees five thousand only) in favour of Andaman Adim Janjati Vikas Samiti, Port Blair through any Nationalized Bank. While the EMD of other tenderers will be returned after finalisation of the tender, the EMD of the successful tenderer shall be retained as Performance Security refundable only after successful completion of the work and settlement of bills.
- 6. The work will have to be carried out and completed in all respect within one month from the receipt of the job order.
- 7. It shall be the responsibility of the Firm which gets the order to submit the bill addressed to the Executive Secretary, AAJVS, Port Blair duly verified by the In-Charge of respective area for expeditious settlement of the bill(s).
- 8. The last date for submission of tender in the Office of the Executive Secretary, AAJVS, Port Blair is 31.07.2008 at 3.00PM, The tenders shall be opened on the same day at 3.30 PM at the same venue.
- 9: The competent authority reserves the right to accept or reject any or all the tenders without assigning any reason thereof.

IP/360/08

Executive Secretary, AAJVS

পরিবর্তনের খেলায় কোয়েনা

সুন্দরী কোয়েনা মিত্র নিজেকে পরিবর্তনের খেলায় মেতে উঠেছে। সাকি রে গানের জন্য দর্শকদের মনে স্থান করে নিয়েছিল সে। কোয়েনা নিজের খোল নলচে বদলাতে প্লাস্টিক সার্জারির কথা ভাবছে। এর আগেই কোয়েনা ফেস লিফট করিয়ে বদলে ফেলেছে মুখের গঠন। মুখের সাথে সামঞ্জস্য রেখে নাকেরও প্লাস্টিক সার্জারি করা হয়েচে। তবে কোয়েনা যখন নিজের ভুল বুঝতে পারে তখন অনেক দেরি হয়ে গেছে। এখন কোয়েনার অবস্থাটা বড়ই খারাপ। আগের চেহারায় ফেরার কোনও উপায় নেই সার্য এই নতুন লুক দর্শকদের কাছে তেমন আকর্ষক হবে বলে মনে হয় না।

সেফ-এর সেফ ল্যাণ্ডিং

সেফ আলি খান গতে বাঁধা চরিত্রের বাইরে ভিন্ন চরিত্রে অভিনয়ের কথা ভাবছে। দিল চাহতা হ্যায় বা ওমকারা-তে অভিনয়ের পর সেফ এই ধরণের চরিত্রের অপেক্ষাতেই আছে। কারণ আর কিছুই নয়। এই দুটি সিনেমাই সেফ-কে সাফল্যের স্বাদ এনে দিয়েছে। শোনা যাচ্ছে, সেফ আবার তার মনের মত চরিত্রে অভিনয়ের সুযোগ পেয়েছে। স্বাভাবিক ভাবেই তা একটু ভিন্ন ধারার। করণ জোহরের একটা সিনেমায় স্কুমকে সন্ত্রাসবাদীর ভূমিকায় দেখা যাবে। রং দে বাসন্তী-র চিত্রনাট্য লেখক ডি সিলভা এই সিনেমাটি পরিচালনা করবে। ডি সিলভার চিত্রনাট্য করণের মনে ধরেছে আর ঠিক এই কারণেই করণ প্রযোজনার দায়িত্ব নিজের কাঁধে তুলে নিয়েছে। সেফ-কে একজন শিক্ষিত সন্ত্রাসবাদীর চরিত্রে দেখা যাবে। আর নায়িকার চরিত্রে থাকছে করিনা কাপুর।

ডেয়ারডেভিল ড্যানিয়েল

ক্যামেরার সামনেই নগ্ন হতে ইতস্তত করেন বহু অভিনেতা। আর ড্যানিয়েল? ব্রিটিশ রক্ষণশীলতার মুখে ছাই দিয়ে ইক্য়াস নাটকে সম্পূর্ণ নগ্ন হয়ে মঞ্চে দাঁডিয়েছেন। এই খবর ফলাও করে ছাপার পর স্বয়ং জে কে রাউলিংয়ের অনুরোধ, পটার সিরিজের পরের ছবিতে ড্যানিয়েল যেন অন্তত একবার নগ্ন হয়ে দর্শন দেন। নাটকের পাশাপাশি ডিসেম্বর বয়েজ নামে একটি ছবিতেও অভিনয় করছেন তিনি। অবশ্য ছবিটা তেমন সাডা ফেলেনি। মাই বয় জ্যাক নামে একটা টেলিফিল্মেও মুখ দেখিয়েছেন তিনি। সেখানেও অবস্থা তথৈবচ। কিন্তু এবার জার্নি ছবিতে ড্যানিয়েল সুযোগ পেতেই নডেচডে বসেছে মিডিয়া। কারণ, ছবির গল্প ফটো জার্নালিস্ট ড্যান এল্ডনকে নিয়ে। ড্যান ছিলেন রয়টার্স-এর ফটোগ্রাফার। ১৯৯২ সালের সোমালিয়ার ভয়াবহ দুর্ভিক্ষে বহু মানুষ মারা যান। সেই ছবি তুলতে সোমালিয়ায় হাজির হন ডাান। ছবি তোলার পরেও তিনি কিছুদিন ওখানে ছিলেন। কিন্তু এরপরেই সে দেশে গণ্ডগোল শুরু হয়। যার জেরে জনতার হাতে মার খেয়ে মারা যান ড্যান। অনেকের বিশ্বাস জার্নিতে ভালো অভিনয় করলে আর পিছন ফিরে তাকাতে হবে না ড্যানিয়েলকে। চরিত্রটা করার জন্য রায়ান ফিলিপ, হিথ লেজারের মত অনেকেই আগ্রহী ছিলেন। কিন্তু ড্যানের মা ক্যাথি ড্যানিয়েলকে পছন্দ করেম। তাঁর হাবভাব, মজা করার ধরণ, তাঁর দুরন্ত স্বভাব নাকি অনেকটাই ড্যানের মত।